

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬
২৭ আগস্ট ২০১৯

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০ থেকে ০৯:৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ১-৪৭/৮৮-মপবি (সংস্থা)/৩৪৪, তারিখ: ২৩ জুন ২০০৩


সূত্রোক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে অফিসে আগমনকালে পশ্চিমমুখে দাপ্তরিক/ব্যক্তিগত বিভিন্ন কাজের অজুহাত দেখিয়ে কতিপয় কর্মকর্তা/কর্মচারী সঠিক সময়ে অফিসে উপস্থিত হন না মর্মে সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে। ফলশ্রুতিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন দুঃসাধ্য বা অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকারি কাজের গতিও শ্লথ হয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে এ মর্মে অনুশাসন প্রদান করা যাচ্ছে যে তারা সকাল ৯:০০ থেকে ০৯:৪০ মিনিট সময় পর্যন্ত আবশ্যিকীয়ভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করে অফিসের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করবেন। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নকালে লক্ষ্য রাখতে হবে যেন তাদের সকাল ৯:০০ টা থেকে ০৯:৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান ব্যাহত না হয়।

৩। উল্লেখ্য, অফিস সময়ে অফিস কক্ষে/দপ্তরে অবস্থানপূর্বক দায়িত্ব পালনকারী মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে উক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে। তবে ভিডিআইপি/ভিআইপিদের প্রটোকল প্রদান, আকস্মিকভাবে সংঘটিত কোন বড় রকমের দুর্ঘটনা মোকাবেলা, গুরুত্বপূর্ণ সভায় যোগদান এবং অনুমোদিত ভ্রমণসূচির মাধ্যমে সফরে গমনের ক্ষেত্রে উপর্যুক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

৪। এমতাবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে সকাল ৯:০০টায় সরাসরি অফিসে আসবেন এবং আবশ্যিকীয়ভাবে ০৯:৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করবেন।

৫। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।


২৭.০৮.১৯
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ:

০১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ;
০৩. বিভাগীয় কমিশনার (সকল);
০৪. জেলা প্রশাসক (সকল); ও
০৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।